

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান প্রকৌশলীর কার্যালয়

সংস্থাপন শাখা - ৪

গণপূর্ত অধিদপ্তর

পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

স্মারক নং- ২৫.৩৬.০০০০.২১১.১২.৪০৬.১৫- ৫৬২

তারিখ : ২০/০২/২০১৫

-ঃ আদেশ :-

গণপূর্ত অধিদপ্তরের ৪র্থ শ্রেণীর বিভিন্ন ক্যাটাগরির শূন্য পদ সমূহে নিয়োগের বিষয়ে বিভাগীয় বাছাই/নিয়োগ/পদোন্নতি কমিটির সুপারিশ অনুযায়ী নিম্ন বর্ণিত প্রার্থীকে এতদ্বারা গণপূর্ত অধিদপ্তরের অধীনে নিয়মিত মঞ্জুরীকৃত প্রতিষ্ঠানে পাম্প হেলপার পদে জাতীয় বেতন স্কেল/২০০৯ইং টাকা ৪১০০-১৯০x৭-৫৪৩০-ইসি-২১০x৭৭৪০/- এ নিজ জেলার পুলিশ সুপার হইতে সম্ভাবজনক রাজনৈতিক প্রাক-পরিচয় এবং সিভিল সার্জন হইতে মেডিকেল ফিটনেস সম্বলিত স্বাস্থ্যগত সনদপত্র প্রাপ্তি সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ করিয়া পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তাহার নামের পার্শ্বে বর্ণিত স্থানে নিয়োজিত করা হইল।

ক্রমিক নং	নাম ও পিতা/স্বামীর নাম	স্থায়ী ঠিকানা	পদায়নকৃত কর্মস্থল
১.	মোহাম্মদ শরফুদ্দিন, পিতা - মোহাম্মদ সিরাজ মিয়া	৫০, জিগাতলা, হাজী আব্দুর রহমান লেন, থানা - হাজারীবাগ, ঢাকা - ১২০৯।	গণপূর্ত ই/এম বিভাগ-১, ঢাকা।

এই অস্থায়ী নিয়োগ গণপূর্ত অধিদপ্তরের (কর্মকর্তা-কর্মচারী) নিয়োগ বিধিমালা ২০০৮ খ্রিঃ অনুসারে নিয়ন্ত্রিত হইবে। যে কোন সময় কোন প্রকার কারণ দর্শানো ব্যতীত এক মাসের লিখিত নোটিশ অথবা নোটিশের পরিবর্তে এক মাসের সমপরিমাণ বেতন অথবা নোটিশের সময় এক মাসের কম হইলে কম সময়ের বেতন প্রদান করতঃ চাকুরী সমাপ্তিযোগ্য। নিয়োগকৃত কর্মচারী স্বেচ্ছায় পদত্যাগ করিতে চাহিলে তাহার পদত্যাগ পত্র গৃহীত না হওয়া পর্যন্ত তাহাকে চাকুরী করিতে হইবে। লিখিত পদত্যাগ পত্র গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি চাকুরী হইতে অনুপস্থিত থাকেন তাহা হইলে তাহার বিরুদ্ধে সরকারী কর্মচারী শৃংখলা ও আপীল বিধি অনুসারেও কার্যক্রম গ্রহণ করা যাইবে। নিয়োগকৃত কর্মচারী কর্তৃক দাখিলকৃত তথ্যাদিতে কখন কোন ভ্রুটি পাওয়া গেলে কর্তৃপক্ষ তাহার নিয়োগ বাতিল করিতে পারিবেন।

নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে এই অফিস আদেশ জারীর ৩০(ত্রিশ) দিনের মধ্যে নির্দিষ্ট পদায়নকৃত স্থানে যোগদান করিতে হইবে অন্যথায় তাহার নিয়োগ সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

(মোঃ কবির আহমেদ ভূঞা)
প্রধান প্রকৌশলী
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল।

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (সওস)/(পরিকল্পনা ও বিশেষ প্রকল্প)/(স্বাস্থ্য উইং), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, -----, গণপূর্ত সার্কেল -----।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য়-১২ তলা সরকারী অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। নির্বাহী প্রকৌশলী, (সংস্থাপন)/(ওএন্ডএম)/(তদন্ত), গণপূর্ত অধিদপ্তর।
- ৬। নির্বাহী প্রকৌশলী ----- গণপূর্ত বিভাগ -----।

পাম্প হেলপার পদে কাজে যোগাদানের সময় সরকারী চাকরীর জন্য সিভিল সার্জন হইতে মেডিকেল ফিটনেস সম্বলিত স্বাস্থ্যগত সনদপত্র গ্রহণ করিতে হইবে। যোগাদানকারীর নিজ জেলার পুলিশ সুপার হইতে পুলিশ ভেরিফিকেশন সম্পন্ন করিতে হইবে। সংযুক্ত বাংলাদেশ ফরম নং-৫২০৪ (ভেরিফিকেশন রোল)। তাহার মূল আবেদনপত্রটি অত্র কার্যালয়ে রক্ষিত আছে। তাহাদের আবেদনপত্রটি যথাসময়ে লোক মারফত অত্র কার্যালয় হইতে সংগ্রহ করিতে হইবে। নিয়োগপত্র জারীর ৩০(ত্রিশ) দিনের মধ্যে কাজে যোগাদান না করিলে ৭(সাত) দিনের মধ্যে অত্র কার্যালয়কে জানাইতে হইবে।

ক্রমিক তালিকা	নাম	পদ
৭।	বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট।	
৮।	জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, -----	৫
৯।	প্রশাসনিক কর্মকর্তা / কল্যাণ কর্মকর্তা, প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।	
১০।	তত্ত্বাবধায়ক, ----- শাখা, প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।	
১১।	হিসাব রক্ষক, লেনদেন শাখা, অত্র কার্যালয়, ঢাকা।	
১২।	জনাব -----	

তাহাকে নিয়োগপত্র জারীর ১ (এক) মাসের মধ্যে নিয়োজিত কর্মস্থলে যোগাদান করিতে অনুরোধ করা হইল।

(সারওয়ারি আহমদ) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সংস্থাপন) গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
ফোন : ৯৫৬০৯৯৯।

(স্বাক্ষরিত প্রধান প্রকৌশলী)

নির্বাহী প্রকৌশলী

গণপূর্ত অধিদপ্তর